

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০১৯-২০ অর্থবছরের ৩য় (তৃতীয়) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জাকের হোসেন, নির্বাহী পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
সভার তারিখ : ১লা সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ  
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ  
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- “ক”

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:






ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি প্রতিবেদন	ইনোভেশন বিষয়ক কার্যাবলীর মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়।	নিয়মিতভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি সভায় আলোচনা করতে হবে এবং মন্ত্রণালয়ের যাচিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম
২.	ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০ মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়ন	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০১৯-২০ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উপস্থাপিত বিষয়াদি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকে অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পত্রের সূত্র নং- ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০৪.১৯-১৬৫১; তারিখ-২৬/০৬/২০১৯ খ্রিঃ)। উল্লিখিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৩.	২০১৭-১৮ অর্থবছরের ইনোভেশন ধারণ বাস্তবায়নের অগ্রগতি	২০১৭-১৮ অর্থবছরের সেরা উদ্ভাবনী ধারণা হিসেবে নির্বাচিত ‘ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান পরিদর্শন সহায়ক মডিউল’ ও ‘মাল্টিপোর্ট মোবাইল চার্জিং সিস্টেম’ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়।	২০১৭-১৮ অর্থবছরের সেরা উদ্ভাবনী ধারণা হিসেবে নির্বাচিত ‘ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান পরিদর্শন সহায়ক মডিউল’ ও ‘মাল্টিপোর্ট মোবাইল চার্জিং সিস্টেম’ এর বাস্তবায়ন অগ্রগতি সেপ্টেম্বর’১৯ এর মধ্যে জানানোর জন্য যথাক্রমে উপপরিচালক জনাব রনজিত কুমার সরকার ও সিনিয়র সহকারী পরিচালক জনাব রবিউল ইসলাম - কে দায়িত্ব দেয়া হয়।	সর্বজনাব রনজিত কুমার সরকার, উপপরিচালক ও রবিউল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক

সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ জাকের হোসেন)  
নির্বাহী পরিচালক ও ইনোভেশন অফিসার  
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের তালিকা:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদনাম	কমিটি	স্বাক্ষর
১.	মোঃ জাকের হোসেন	নির্বাহী পরিচালক	ইনোভেশন অফিসার	
২.	মোহাম্মদ আব্দুল মান্নান	উপপরিচালক	সদস্য	
৩.	জিনাত আমান বন্যা	উপপরিচালক	সদস্য	 ০.৯.১৯
৪.	মোঃ আরিফুজ্জামান	সিনিয়র সহকারী পরিচালক	সদস্য	 ০৩/০১/১৯
৫.	সৈয়দ আশিক ইমতিয়াজ	সহকারী পরিচালক	সদস্য সচিব	 ০৩/০১/১৯